গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

নজরুল বর্ষ

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০২.২৩.৬৪

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩
১৬ আগস্ট ২০২৬

বিষয়: **'নজরুল বর্ষ ২০২৬-২৭' উপলক্ষ্যে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ০৪ আগস্ট ২০২৬ তারিখের ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬.(অংশ-২).৫৩৬ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ' নজরুল বর্ষ ২০২৬-২৭' উপলক্ষ্যে দেশব্যাপী প্রাথমিক, মাধ্যমিক ও কারিগরি বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে নজরুলের সৃষ্টিকর্ম ও কার্যবিবরণীতে উল্লিখিত বিভিন্ন বিষয় নিয়ে প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ দপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ**
(১) প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

১৬-০৮-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অধ্যক্ষ (সকল), ------------- ইঞ্জিনিয়ারিং কলেজ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, সরকারি সার্ভে ইনস্টিটিউট, সরকারি গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ সরকারি ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস, ----------------।

২। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৩। অধ্যক্ষ (সকল), ---------------- সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, -------------------।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০২.২৩.৬৪/১ (৯)

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩
১৬ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

৩। উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, , ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। উপসচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৮। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। সংরক্ষণ নথি, শাখা-২, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১৬-০৮-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর

ডকেট নং- ২২২৬ তারিখঃ- ২২-০৮-২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moca.gov.bd)

## 'নজরুল বর্ষ ২০২৬-২৭ 'উপলক্ষ্যে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে প্রস্তুতিসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. আ ন ম এহছানুল হক মিলন, এমপি<br>শিক্ষা মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২৬ জুলাই ২০২৬; বেলা ১.০০ টা |
| সভার স্থান | : | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে তিনি সকলের উদ্দেশ্যে উল্লেখ করেন যে যেহেতু এটি একটি যৌথ নীতি নির্ধারণী সভা, এ সভায় বিশেষভাবে উপস্থিত আছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম, এমপি। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় জানান যে, জাতীয় পর্যায়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৭তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ০৩ (তিন) দিনব্যাপী (২৩ - ২৫ মে, ২০২৬) অনুষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠান গত ২৩ মে ২০২৬ তারিখ শনিবার ময়মনসিংহের ত্রিশালে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উক্ত উদ্বোধন অনুষ্ঠানে ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত 'নজরুল বর্ষ' পালনের ঘোষণা প্রদান করেছেন। ইতোমধ্যে নজরুল বর্ষ পালনের বিষয়ে গেজেট প্রকাশিত হয়েছে। মাননীয় প্রতিমন্ত্রী জনাব আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বলেন, নজরুল বর্ষ পালন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে, দেশব্যাপী প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। এই প্রতিযোগিতা সফল করার জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতা প্রয়োজন। এ লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে অদ্যকার এই যৌথ সভার আয়োজন করা হয়েছে। পরবর্তীতে, তিনি উক্ত প্রতিযোগিতা আয়োজনের কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। কর্মপরিকল্পনার ওপর বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থিত সদস্যগণ তাতে স্বত:স্ফূর্ত অংশগ্রহণ করেন।

২.০ আলোচনা:

২.১ সভাপতি বলেন, নজরুল বর্ষ ২০২৬-২৭ উপলক্ষ্যে দেশব্যাপী প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে নজরুলের সৃষ্টিকর্ম নিয়ে বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতা আয়োজনের পূর্বে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষা এবং গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট এর সিডিউল যাচাই-বাছাই করে প্রতিযোগিতার তারিখ চূড়ান্ত করতে হবে। এছাড়া এ কার্যক্রমে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে সম্পৃক্ত করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.২ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বলেন, উপজেলা পর্যায়ের কমিটির মত জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে কমিটি গঠন করে দিতে হবে। এছাড়া উপজেলা কমিটির রূপরেখা তিনি পরিবর্তনের অনুরোধ জানান। স্থানীয় ছয় (০৬) জন সাংস্কৃতিক ব্যক্তিত্বের পরিবর্তে দুই (০২) জন রাখার সুপারিশ করেন।

৩.০ অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.১. | নজরুল বর্ষ ২০২৬-২৭ উপলক্ষ্যে দেশব্যাপী প্রাথমিক, মাধ্যমিক এ কারিগরি বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে নজরুলের সৃষ্টিকর্ম নিয়ে বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতা আয়োজনের পূর্বে প্রাথমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষা, প্রাইম মিনিস্টার্স গোল্ড কাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতার সিডিউল যাচাই-বাছাই করে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর স্ব স্ব মন্ত্রণালয়ের মাধ্যমে লিখিত প্রতিবেদন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর। |

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
প্রাপ্তির স্মারক নং ২৭২ তারিখ ২৩/০৮/২৬
লিপিকরণকারীর স্বাক্ষর

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.২ | সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ অনুষ্ঠান আয়োজনের বিষয়ে স্থানীয় মন্ত্রী/সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণ করবেন। | জেলা প্রশাসক (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ৩.৩ | প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত বিস্তারিত নির্দেশিকা প্রস্তুতপূর্বক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সকল জেলা প্রশাসক এর নিকট প্রেরণ করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ৩.৪ | মাধ্যমিক বিদ্যালয়ের নিজস্ব বাজেট হতে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রতিযোগিতা আয়োজন করা হবে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতিযোগিতা আয়োজনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান করবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| ৩.৫ | প্রতিযোগিতায় কারিগরি বিদ্যালয়ের শিক্ষার্থীদেরও অন্তর্ভুক্ত করা হবে। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ৩.৬ | প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে সার্বিক বিষয়ে সমন্বয়ের জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণ ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন:<br>(১) জনাব মো: সাইদুর রহমান, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>(২) জনাব তরফদার মো: আক্তার জামীল, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>(৩) মীর আব্দুল আউয়াল আল মেহেদী, পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।<br>(৪) জনাব আইরীন ফারজানা, যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>(৫) যুগ্মসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |

৪.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি **নজরুল বর্ষ ২০২৬-২৭** 'উপলক্ষ্যে দেশব্যাপী প্রাথমিক, মাধ্যমিক ও কারিগরি বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে নজরুলের সৃষ্টিকর্ম নিয়ে বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতা আয়োজনে সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৯/০৭/২০২৬
ড. আ ন ম এহছানুল হক মিলন, এমপি
শিক্ষা মন্ত্রী

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬ (অংশ-২).৫৬৮

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩৩ / ০৪ আগস্ট ২০২৬

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৭. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. বিভাগীয় কমিশনার (সকল)।
৯. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
১০. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. জেলা প্রশাসক (সকল)।
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৩. জেলা কালচারাল অফিসার (সকল)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):

১. মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অফিস কপি।


(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd